

সমাবর্তনে নিবন্ধনকৃত শিক্ষার্থীবৃন্দের সনদ মুদ্রণ কাজের উদ্বোধন



আগামী ১১ জানুয়ারি, ২০২০ তারিখে মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তনের দিন নির্ধারণ করা হয়েছে, ইতিমধ্যে সমাবর্তনে অংশগ্রহণের জন্য শিক্ষার্থীবৃন্দের নিবন্ধন কার্যক্রম শেষ হয়েছে। এই উপলক্ষে আজ (১৯ নভেম্বর, ২০১৯-মঙ্গলবার) উপাচার্যের কনফারেন্স কক্ষে সমাবর্তনে নিবন্ধনকৃত শিক্ষার্থীবৃন্দের সনদ মুদ্রণ কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। এসময় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক জনাব এ. কে. এম. আক্তারুজ্জামান সহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।